গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।
।

স্মারক নং- ৯৯ তারিখ : ১৮ মার্চ ২০২৫

# স্থায়ী কমিটির সভার নোটিশ ঃ

এতদ্বারা অত্র উপজেলার উপজেলা মাধ্যমিক ও মাদরাসা বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ২৩ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ বিকাল ০৩.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় ঃ
১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত।
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

প্রাপক
জনাব..........................................................
..................................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

(মোঃ কামরুল ইসলাম )
সদস্য সচিব
উপজেলা মাধ্যমিক ও মাদরাসা বিষয়ক কমিটি
ও
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উমাশিঅ/নাগ/কুড়ি/২০২৫/ তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২। উপজেলা নিবার্হী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৩। অফিস কপি।

স্বাক্ষরিত
সদস্য সচিব
উপজেলা মাধ্যমিক ও মাদরাসা বিষয়ক কমিটি
ও
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

তারিখ ঃ ২৩ মার্চ ২০২৫, সময় ঃ বিকাল ০৩.০০ টা

স্থান ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | সভাপতি | | |
| ২ | চেয়ারম্যান, কেদার ইউপি, নাগেশ্বরী কুড়িগ্রাম। | সদস্য | [signature] | |
| ৩ | উপজেলা কৃষি অফিসার, নাগেশ্বরী কুড়িগ্রাম। | সদস্য | [signature] | |
| ৪ | জনস্বাস্থ্য প্রকৌশলী, নাগেশ্বরী কুড়িগ্রাম। | সদস্য | [signature] | |
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী কুড়িগ্রাম। | সদস্য সচিব | [signature] | |

**আলোচ্য বিষয় ঃ**

১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত।
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ-**

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত ঃ গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

২ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, অত্রাফিসের অনুকূলে বিগত অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যবহার করা হয়েছে। চলতি অর্থ বছরের জন্য বরাদ্দ আসলে তা যথসময়ে সভায় উপস্থাপন করা হবে।

৩নং বিষয়ে আলোচনা শুরু হলে তিনি জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। দীর্ঘদিন বন্ধ থাকার পর পুনরায় শিক্ষা প্রতিষ্ঠান সমূহ খুলে দেয়ার পর বিভিন্ন প্রতিষ্ঠানে লক্ষ্য করা যাচ্ছে অনেক শিক্ষা সামগ্রী নষ্ট হয়ে গেছে। এ বিষয়ে প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে অল্প সময়ের মধ্যে আমরা সংকট কাটিয়ে উঠতে পারবো। জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদ সভায় বিভিন্ন প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ করার অনুরোধ করা হয়েছে মর্মে সভায় জানান। অতপর সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, কেদার ইউপি জানান যে, মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষার্থীদের কম্পিউটার ব্যবহারে পারদর্শী করে তুলতে কম্পিউটার ল্যাব প্রদান করার অনুরোধ করেন।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষনা করেন।



প্রশাসক
উপজেলা পরিষদ
নাগেশ্বরী, কুড়িগ্রাম